

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০  
[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)

তারিখঃ ০৩.১১.২০২০ খ্রি।

স্মারক নং- আবাআখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৬ : ৪১৭০


বিষয়ঃ গ্রাম সমিতিতে তহবিলের বিনিয়োগ বৃদ্ধি করা সংক্রান্ত।

সূত্রঃ ১। আবাআখা/প্রশা/আইটি/অনলাইন ব্যাংকিং/৪৫/২০১৬-২০০৯; তারিখঃ ০৮.০৮.২০১৯ খ্রি।

২। আবাআখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৬-৩৩০৫; তারিখঃ ১৬.০৩.২০২০ খ্রি।

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রে প্রকল্পের আওতায় গঠিত গ্রাম সমিতির তহবিল শতভাগ বিনিয়োগ হচ্ছে না। ফলে তহবিল গঠনের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। প্রকল্প মেয়াদ আগামী ৩০ জুন, ২০২১ তারিখে শেষ হবে। গ্রাম সমিতির তহবিলের শতভাগ ব্যবহার নিশ্চিত নিম্নোক্ত আদেশ জারী করা হলোঃ

- ১। গ্রাম সমিতির তহবিল শতভাগ বিনিয়োগ করা যাবে। কোন রিজার্ভ রাখার প্রয়োজন নেই। এ বিষয়ে অনলাইন সফটওয়্যারে প্রয়োজনীয় কাস্টমাইজেশন করতে হবে;
- ২। সদস্যদের নিজ সঞ্চয়ের এবং ঋণের অনুপাত ১: ১০ নির্ধারণ করা হলো। অর্থাৎ ১ হাজার টাকা সদস্য সঞ্চয় থাকলে ১০ হাজার টাকা ঋণ দেয়া যাবে। এ বিষয়টি অনলাইন সফটওয়্যারে প্রয়োজনীয় কাস্টমাইজেশন করতে হবে;
- ৩। প্রকল্পের আওতায় কোন সদস্যকে ১ম বার ঋণ দেয়ার ক্ষেত্রে সর্বোচ্চ ২০ হাজার টাকা পর্যন্ত ঋণ দেয়া যাবে। অর্থাৎ ২ হাজার টাকা সঞ্চয় থাকলে ২০ হাজার টাকা ঋণ দেয়া যাবে। তবে সকল আগ্রহী সদস্য যেন ঋণ পায় সে বিষয়টি লক্ষ্য রেখে ঋণের পরিমাণ নির্ধারণ করতে হবে;
- ৪। ঋণ বিতরণের লক্ষ্যে সেবা প্রদানকারী ৩টি বেসরকারি ব্যাংকে একদিনে সর্বোচ্চ ২০ লক্ষ টাকার চাহিদা প্রদান করা যাবে;
- ৫। তহবিলের বিনিয়োগ ও তা সময়মত সার্ভিস চার্জসহ আদায়ে ব্যর্থ কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
৩.১১.২০  
আকবর হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

[headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

উপজেলা সমন্বয়কারী (সকল)

.....উপজেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল).....জেলা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক এশিয়া লিঃ/ বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ/ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... উপজেলা.....জেলা।
- ৫। প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (অনলাইনে সফটওয়্যারে প্রয়োজনীয় কাস্টমাইজেশন করার নির্দেশসহ)।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ইরা ইনফোটেক লিঃ (আদেশে উল্লিখিত বিষয়গুলি প্রকল্পের অনলাইন সফটওয়্যারে কাস্টমাইজেশন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প (সকল).....জেলা।
- ৮। সংশ্লিষ্ট নথি।